



জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)
বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫
ই-মেইলঃ info@nhrc.org.bd

স্মারক নংঃ এনএইচআরসিবি/ প্রেস বিজ্ঞঃ ২৩৯/১৩-২৮

তারিখঃ ০৬ অক্টোবর ২০১৮

প্রেস বিজ্ঞপ্তিঃ

রোহিঙ্গাদের ফেরাতে পররাষ্ট্র মন্ত্রণালয়কে আরও বেশি সক্রিয় ভূমিকা পালন করার আহ্বান

চলমান রোহিঙ্গা সংকটে বাংলাদেশের নিরাপত্তা ও স্থানীয় জনগণের মানবাধিকার সুরক্ষার স্বার্থে রোহিঙ্গাদের দ্রুততম সময়ের মধ্যে নাগরিকত্ব ও নিরাপত্তাসহ নিজ দেশে ফিরিয়ে নেওয়ার জন্য মিয়ানমারের ওপর জাতীয় ও আন্তর্জাতিক সম্প্রদায়ের মাধ্যমে অধিকতর চাপ সৃষ্টি করতে বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয়কে আরও বেশি সক্রিয় ভূমিকা পালন করার আহ্বান জানিয়েছেন জাতীয় মানবাধিকার কমিশনের চেয়ারম্যান কাজী রিয়াজুল হক। তিনি বলেন, “মিয়ানমারে গণহত্যার স্বীকার হয়ে বাংলাদেশে পালিয়ে আসা রোহিঙ্গাদের আশ্রয় দিয়ে মাননীয় প্রধানমন্ত্রী মানবতার দৃষ্টান্ত স্থাপন করে বাংলাদেশকে বিশ্ব দরবারে প্রশংসিত করিয়েছেন। ১২ লাখ রোহিঙ্গা জনগোষ্ঠীকে দীর্ঘ সময় লালন করা বাংলাদেশের পক্ষে কষ্টসাধ্য। এতে দেশের নিরাপত্তা হুমকির সম্মুখীন ও কক্সবাজার অঞ্চলের স্থানীয় জনগণের ওপর প্রচণ্ড চাপ সৃষ্টি হয়েছে। আর তাই সম্প্রতি মাননীয় প্রধানমন্ত্রী রোহিঙ্গাদের ফেরাতে জাতিসংঘসহ আন্তর্জাতিক সম্প্রদায়ের সহযোগিতাসহ ৩ দফা প্রস্তাব দিয়েছেন।”

কাজী রিয়াজুল হক আরও বলেন, “রোহিঙ্গাদের মানবাধিকার সুরক্ষায় রোহিঙ্গা ক্যাম্পে স্বরাষ্ট্র মন্ত্রণালয়, দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, স্বাস্থ্য মন্ত্রণালয়সহ অন্যান্যরা যথাযথ ভূমিকা পালন করে যাচ্ছে। তবে রোহিঙ্গাদের ফেরাতে মূল ভূমিকা পালন করতে হবে পররাষ্ট্র মন্ত্রণালয়কে। মিয়ানমার লোক দেখানো একটি চুক্তি স্বাক্ষর করেছে। এখনো একজন রোহিঙ্গাও ফেরত নেয়নি দেশটি। এ বিষয়ে পররাষ্ট্র মন্ত্রণালয়ের গৃহীত ব্যবস্থা দৃশ্যমান নয়। জাতিসংঘে প্রদত্ত প্রধানমন্ত্রীর প্রস্তাব বাস্তবায়নের লক্ষ্যে এবং রোহিঙ্গাদের মানবাধিকার ও নাগরিকত্বসহ নিজ দেশে প্রত্যাবর্তনে মিয়ানমারের ওপর অর্থনৈতিক অবরোধসহ চাপ সৃষ্টিতে কূটনৈতিক তৎপরতা বৃদ্ধি, রোহিঙ্গাদের মানবিক বিপর্যয়ের বিষয়ে বিশ্ববাসীর মনোযোগ আকর্ষণে প্রয়োজনে একান্তরের ন্যায় আন্তর্জাতিক কনসার্ট এবং আন্তর্জাতিক সম্মেলন আয়োজনসহ অন্যান্য কর্মতৎপরতা চালিয়ে গেলে রোহিঙ্গা সংকটের সমাধান সম্ভব বলে আমরা বিশ্বাস করি। আমরা রোহিঙ্গা সংকটের শুরুর থেকে মানবাধিকারের চরম লঙ্ঘনের দায়ে মিয়ানমার সেনাবাহিনীর আন্তর্জাতিক আদালতে বিচারের দাবি জানিয়ে এসেছি। আমরা মনে করি, এই বিচার প্রক্রিয়া শুরু হলে মিয়ানমার রোহিঙ্গাদের মানবাধিকার দিয়ে নিজ দেশে ফিরিয়ে নিবে।”

ধন্যবাদান্তে

ফারহানা সিদ্দিক
জনসংযোগ কর্মকর্তা
জাতীয় মানবাধিকার কমিশন
মোবাইলঃ ০১৭৯০-৫৩৬৯৩৬